

ছাত্রজীবনের সুখ-দুঃখ

স্কুল-কলেজে পঠনপাঠনের জীবনই হল ছাত্রজীবন। সুখ-দুঃখ প্রত্যেক মানুষের জীবনেই আসে। ছাত্রজীবনেও এর ব্যতিক্রম নেই। ছাত্রজীবনের প্রধান বিষয় হল পড়াশুনো। তার সঙ্গে থাকে খেলাধুলো, গল্পগুজব, স্কুলের কিছু আনন্দ-অনুষ্ঠান। থাকে সুখের আরও নানা উপকরণ। শুধু সুখই নয়, মাঝে-মাঝে দুঃখও উঁকিঝুঁকি দেয়। হয়তো কোনো প্রিয় সহপাঠী অন্য জায়গায় চলে গেল, তার জন্যে দুঃখ। হয়তো কোনো প্রিয় শিক্ষকমশায় তাঁর শিক্ষকজীবন থেকে বিদায় নিলেন, তার জন্যে মনোকষ্ট। এ ছাড়াও ছাত্রজীবনের সঙ্গে ঘনিষ্ঠভাবে জড়িয়ে থাকে নতুন ক্লাসে ওঠার পরীক্ষা। পরীক্ষায় যারা ভালভাবে উত্তীর্ণ হয়, তাদের মনে আনন্দ আর ধরে না। আর যারা উত্তীর্ণ হতে পারে না, তারা দুঃখে ভেঙে পড়ে। পরীক্ষায় ভাল না করলে সবার কাছেই জোটে অনাদর আর উপেক্ষা। সারা বছর পড়াশুনো না করে শুধু খেলাধুলো করে কাটালে দুঃখ সে পাবেই। কারণ ছাত্রজীবনের মূল কথাই হল পড়াশুনো। সুখ-দুঃখ নিয়েই ছাত্রজীবন। ছাত্রজীবনই ভবিষ্যৎ গড়ার উপযুক্ত ক্ষণ। স্কুলজীবন ছেড়ে যেদিন ছাত্ররা চলে যায়, সেদিন তাদের চোখ জলে ভরে আসে। কত সহপাঠীর সঙ্গে বিচ্ছেদ ঘটে। অনেকগুলো বছর তারা পাশাপাশি বিবাদকলহ, হাসিকান্না, সুখ-দুঃখের মধ্য দিয়ে কাটিয়েছে। তার স্মৃতি কি এত সহজে ভোলা যায়। প্রিয় শিক্ষকদের সঙ্গেও আর প্রতিদিন দেখা হবে না ভেবে মন বিষণ্ণ হয়। হয়তো এভাবেই জীবন ধাপে ধাপে এগিয়ে চলে।